

ମଧ୍ୟା  
ମଧ୍ୟା  
ମଧ୍ୟା

ଜୀବନାଳୀର ପୂର୍ବଦୟ ମଧ୍ୟା



# দার্শণিকের নানারূপ

( শেষ হইতে ইম শ্রেণী পর্যন্ত )

শ্রীসুমিল কুমার দাস এস, এফ,

দার্শণিকের ডিপ্লোমা এবং

বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ হইতে

ধাতু ও দার্শণিকে শিক্ষক শিক্ষণ শিক্ষা প্রাপ্ত ( ফাঁষ্ট ক্লাশ ফাঁষ্ট ),  
শিল্প শিক্ষক, কাঁথি হাই স্কুল ও

ভূতপূর্ব শিল্প শিক্ষক, পাঁশকুড়া ব্রাড্লী বার্ট হাই স্কুল ।



প্রকাশক :—

শ্রীসত্যানন্দ দাস

শিল্প শিক্ষক, কালীপুর সর্বার্থসাধক বিদ্যালয়

পুজানী, বজবজ, ২৪ পরগণা ।



20.5.94  
83 67

ଗୁଲ୍ଫ୍ୟ-ଟା. ୨୮୦ ପରମା ମାତ୍ର

ବିଦ୍ଯିତ ମୂଲ୍ୟ ୧୫ ପରମା

ଆପନ୍ତିଶାନ :—

ଆରତି ଏଜେନ୍ସୀ

୧୧୬ କମେଜ ସ୍କୋପ୍ରାର, କଲି—୧୨

ଜ୍ଞାନ-ତୀର୍ଥ

୧, କର୍ଣ୍ଣୋରାଲିଶ ଟ୍ରୀଟ, କଲି—୧୨

ନିଉ ପୂର୍ଣ୍ଣମ! ପ୍ରେସ

ଚତ୍ତିମାଳ ବାଜାର, ବଜବଜ ହଇତେ

ଶ୍ରୀବନ୍ଦିମ ଚନ୍ଦ୍ର ପାତ୍ରୁ ଇ କର୍ତ୍ତ୍ତକ ମୁଦିତ



## ॥ আমার কথা ॥

“শিশুকে একান্তই শিশু মনে করলে যেমন অন্যায় হয়, তেমনি শিশুরা যে শিশুই—এ কথা ভুললেও অবিচারের মাত্রা বাড়ে।” বিদ্যালয়ের পাঠ্যপর্যবেক্ষণ প্রচলিত পুস্তকের দিকে সতর্ক দৃষ্টিক্ষেপ করলে অধিকাংশ ক্ষেত্রেই এই ধরণের অভিমতের সত্যতা প্রমাণিত হবে। ‘দারুণশিল্পের নানাকথা’ সেদিক থেকে দুরুহতম ব্যক্তিক্রম হিসেবে উল্লেখের দাবী রাখে।

হুবি সংস্কারণের স্থযোগ সীমিত। তাই দেশের ঋদ্ধতর ভবিষ্যতের জন্য তাকে শিল্পভিত্তিক করে গড়ে তুলতে হবে। মাধ্যমিক বিদ্যালয়গুলিতে হস্তশিল্প শিক্ষার প্রবর্দ্ধনা দেশীয় সরকারের এই প্রচেষ্টাকেই প্রতিফলিত করছে। দারুণশিল্প বিষয়ে মাতৃভাষায় রচিত পুস্তকের অভাব নাই, তথাপি শিক্ষা পর্যবেক্ষণের সিলেবাস অনুসারে লিখিত বর্তমান গ্রন্থখানি অধিকতর সহায়ক হবে বলেই মনে করি।

যাদের অকৃত সহযোগিতা আমার সংবলালিত ইচ্ছাকে ফলবতী করে তুলেছে, তাদের সকলের জন্য রইলো আজস্র ধন্যবাদ।

শ্রীসুশীল কুমার দাস



## 3 विं विभाग ॥

✓ A-211



১০—১৩

## সুচীপত্র

৩১ প্রথম অধ্যান্ত ৪

গাছের শ্রেণী বিভাগ

৩২ বিভীষণ অধ্যান্ত ৪

ভারতের স্বাভাবিক উদ্ভিদ অঞ্চল

৩৩ তত্ত্বীয় অধ্যান্ত ৪

কাঠের বিভিন্ন প্রকার দোষ

৩৪ চতুর্থ অধ্যান্ত ৪

কাঠের সাধারণ রোগ

৩৫ পঞ্চম অধ্যান্ত ৪

Conversion of Timber

৩৬ ষষ্ঠ অধ্যান্ত ৪

সিজ, নিং বা ঝাতুসহ করণ

৩৭ সপ্তম অধ্যান্ত ৪

কাঠের সংরক্ষণ

৩৮ অষ্টম অধ্যান্ত ৪

যন্ত্রপাতি

৩৯ নবম অধ্যান্ত ৪

দাগ কাটা ও মাপ নইবার যন্ত্রাদি

৪০ দশম অধ্যান্ত ৪

ধরিবার ও আটকাইবার যন্ত্রাদি

তিনি-মূ. ৬২(১)

BANIPUR.



৪—১

৯—১৯

২০—২৩

২৪—২৫

২৬—২৭

২৮—৩০

৩১—৩৩

৩৪

৩৫—৪২

৪৩—৪৬

## একাদশ অঞ্চল ৪

বাটালী

৮৭—৫০

## দ্বাদশ অঞ্চল ৪

করাত

৮১—৫৬

## ত্রয়োদশ অঞ্চল ৪

রঁয়াদা

৫৭—১০

## চতুর্দশ অঞ্চল ৪

ছিদ্র করিবার বদ্রাদি

৭১—৭৭

## পঞ্চদশ অঞ্চল ৪

বিবিধ বদ্রাদি

৭৪—৮৪

## ষষ্ঠিদশ অঞ্চল ৪

যন্ত্রের রক্ষণাবেক্ষণ

৮৫—৮৬

## সপ্তদশ অঞ্চল ৪

Morice &amp; Tenon Joint

৮৬—১০৫

## আষ্টাদশ অঞ্চল ৪

পেন্ট, পালিশ ও বার্ণিশ

১০৬—১১১

## উন্নিংশতি অঞ্চল ৪

পেরেক, স্টু ও কজা—আকার ও ব্যবহার

১১২—১১৯

## বিংশতি অঞ্চল ৪

ফুট ও ইঞ্চি মাপের পরিচিতি

১১৯—১২৪

## একবিংশতি অঞ্চল ৪

শিরিয় আঠা, পুড়িং ও শিরিয় কাগজ

১২৫—১২৯

## ପାରିଂଶ ଅଷ୍ଟାଙ୍ଗ ॥

କାଠେର କାଞ୍ଜ

୧୩୦—୧୩୨

## ତର୍ମାପାରିଂଶତି ଅଷ୍ଟାଙ୍ଗ ॥

ବାଟ୍ୟ, ସର୍ଗ ଓ ଭରବେଗ

୧୩୩—୧୩୪

## ଚତୁର୍ବିଂଶତି ଅଷ୍ଟାଙ୍ଗ ॥

ମୂଳ୍ୟ ନିର୍ଦ୍ଧାରଣ

୧୩୫—୧୩୭

## ପଞ୍ଚବିଂଶ ଅଷ୍ଟାଙ୍ଗ ॥

କାଠେର ହିସାବ

୧୩୮—୧୪୦



SYLLABUSES FOR WOOD CRAFT FOR HIGHER  
SECONDARY AND SENIOR BASIC  
SCHOOLS OF WEST BENGAL.

Class VI

1. Introduction of Measuring tools, i, e, scale with both inch-foot marks and milli-metre and Centimetre marks and tope. Weighing measure-ment. Matter solid, liquid and gaseous.
2. Measuring common objects—such as tables, Cots, doors and windows etc. And method of reproducing the measurement on black boords and paper. Introduction of foot (') and inch (") marks.
3. Name of Common tools required and their menipulation and maintenance. Drawing :—
  - i) Drawing lines on a boord in direction of its length and at right angles to its edges.
  - ii) Drawing top view of a piece of sized wood on a black boord with graph lines.

- iii) Drawing side view of the same piece of sized wood
- iv) Drawing and view of the same.
- v) Drawing of articles to be executed in the class.
- vi) Reading the top view, side view and of a simple orthographic drawing.
- vii) Oral and theoretical expression in simple language of the processes and the tools involved in the craft work. Discussion of the wood used in the class.

**Exercises :**

- i) Method of Cutting Pencil.
- ii) Method of sawing wood along and across the grain.
- iii) Method of holding tools.
- iv) Planning and sizing, sharpening tools.

Following objects are suggested for execution in the class :

Single piece of object :—

- i) Scale
- ii) Square Cup rest.

- iii) Round Cup rest.
- iv) Hexagonal Cup rest.
- v) Key holder.

N. B. Not less than two objects and exercises in the session Theoretical and practical work should proceed hand in hand.

### Class VII

#### Theory on tools :

Try square their parts and uses - Ganges and ganging—Saws and sawing, Rip saw Cross-cut saw etc. Plane and planning, Chisel and Chiselling, Hammers and Mallets-Sisson on grinding stone and grinding nails, Screws and their uses.

#### Theoretical :-

1. Mechanical devices :—  
Lvers, inertia, momentum, friction, tension in connection with the uses of tools.
2. Geography of wood used in the class :  
Teak, gambhar, Champa and deal wood

their habits, description and uses in simple languages.

3. Excursion to a nearby forest, Acquaintance with the timber trees - their leaves, flowers, fruits etc.
4. Uses of sand paper :

Practical Work :

- i) Black board scales with measuring marks,
- ii) Roller,
- iii) Planting pin,
- iv) Wooden khurpi,
- v) Plant Indicator,
- vi) Propeller,
- vii) Birds' nest.

Minimum assignment - four articles to be executed.

Drawing : Orthographic projections in graph-book of the articles to be executed.

## Class VIII

## Theoretical :

Drawing : Orthographic and Isometric projections of the articles to be made

## Theory :

- i) Uses of wood
- ii) Conversion of wood : flat, Quarter and back sawing ; relative value of different processes of sawing
- iii) Enemy of the wood : White ants—their Classifications and prevention.
- iv) Geography of the wood. Drawing map of India and West Bengal and showing the forest region of the timber used in the class.

## Practical :

- i) Bread-making board
- ii) Simplebox involving simple lapped joint.
- iii) Pencil box.
- iv) Hammer handle.
- v) Mallet.
- vi) Pingpong bat.
- vii) Toys : horse, elephant, Crane, hare etc.  
Any four to be executed

## Class IX

## Theory :

- i) Selection and economic utilisation of wood
- ii) Study of the parts of a tree, i. e, bark, bast fibre, Cambium layer, sap wood, heart wood, pith, annual rings, spring ring and autumn ring. How the sap wood changes in to a true wood ?
- iii) Method of natural seasoning shrinkage
- iv) Defects in wood.
- v) Uses of glue.
- vi) Excursion to a forest and study of the timber trees.
- vii) Preservation of wood : - Polish and Polishing, Varnishing.
- viii) Cost-accounting.

## Practical :

- i) Jalchonki
- ii) Tea-table Or Trey-cum-table
- iii) Easy chair involvng mortice and tenon joint and half lapped joint,
- iv) Box with simple dove tail joint and mitre joint,

- v) Weather cock,
- vi) Candle stand,
- vii) Tea tray,
- viii) Curving work : Simple tray of one piece
- ix) Indigenous turning : Roller for bread marking board.

Any two from i) to vii) and one from viii) and xi) to be executed. One extra article of pupil's own choice.

**Drawing :**

Orthographic and Isometric projections of the article to be executed in the class.

Geometrical drawings related to wood work.

# দারুশিল্পের নানাকথা

## প্রথম অধ্যায়

### গাছের শ্রেণী বিভাগ

আমরা যে সকল গাছ বা উদ্ভিদ সচারাচর দেখিতে পাই, তাহাদের কতকগুলির ফুল-ফল হয়। আবার এইন গাছ ও আছে যাহার ফুল কিংবা ফল কিছুই হয় না। এই বৈশিষ্ট্যের দিকে ইক্ষ্য রাখিয়া জীব বিদ্যায় গাছকে দুই ভাগে ভাগ করা হইয়া থাকে, যথা—সপুষ্পক (Pheneragamous) ও অপুষ্পক (Cryptogamous)। অপুষ্পক শ্রেণীর গাছ কচিৎ চোখে পড়ে এবং ইহাদের কাঠও যে কোনও প্রকারের শিল্প কাজে ব্যবহারের অনুপযুক্ত।

বৃক্ষ অনুসারে অনুপযুক্ত গাছকে আবার দুইভাগে ভাগ করা যায়।

১। অন্তর্বৰ্দ্ধি শীল (Endogenous)—যে সমস্ত বৃক্ষের কাণ্ড কেবলমাত্র উপরের দিকেই বর্দিত হয়, তাহাদিগকে অন্তর্বৰ্দ্ধি শীল বৃক্ষ বলে। এই সমস্ত গাছ অভ্যন্তরস্থিত কোষের সাহায্যে আছের উপাদান সংগ্রহ করে। সেই কারণেই ইহাদের ভিতরের তৎ-


অসার থাকিয়া যায়। কেবলমাত্র বাহিরের দিকই সার প্রাপ্ত হয়। তাল, নারিকেল, খেজুর, সুপারী, পাম, উচ্চ শ্রেণীর তৃণের মধ্যে বাঁশ প্রভৃতি এই জাতীয় বৃক্ষ। তবে শিল্প কাজে এই সমস্ত কাঠের ব্যবহার নাই বলিলেও চলে।

**২। বহিস্ত্রিক শীল (Exogenous) :-** এই সমস্ত গাছ দৈর্ঘ্য অপেক্ষা পরিধির দিকেই অধিক পরিমাণে বৃক্ষ পায়। অন্তর্বৰ্দ্ধিশীল বৃক্ষের মত ইহার বহিভাগ কখনও সার প্রাপ্ত হয় না। ইহার অন্তর্বর্তী অংশই ক্রমশঃ সার প্রাপ্ত হয়। আমরা যে সমস্ত গাছ দেখি তাহাদের অধিকাংশই এই শ্রেণীর অন্তর্গত। বহিস্ত্রিক শীল গাছকে আবার দুই ভাগে ভাগ করা হয়। যথা—পর্ণমোচী ও চিরহরিৎ।

**পর্ণমোচী (Deciduous) :-** ইহাদের পাতাগুলি বেশ চওড়া ও অগ্রভাগ ভেঁতা। বছরের কোন এক সময় ইহাদের পাতাগুলি একসঙ্গে ঝরিয়া পড়ে। বৃক্ষ প্রকৃতির মধ্যে এই সমস্ত বৃক্ষের জন্ম হওয়ায় ইহাদের কাঠ সাধারণতঃ শক্ত। সেইজন্য ইহাদের কাঠকে শক্ত কাঠ বা Hard wood আখ্যা দেওয়া হইয়াছে। যেমন শাল, সেগুন, লোহাকাঠ, রোজ উড়, প্রভৃতি। করাত দ্বারা কাটিলে ইহাদের আঁশে করাতের দাঁতগুলি আটকাইয়া যায় না এবং কর্তিত স্থান হইতে অধিক রস নির্গত হয় না। বেশীর ভাগ সার কাঠের রং গাঢ় ও উজ্জ্বল।

**চিরহরিৎ (Coniferous) :-** ইহাদের পাতাগুলি অপেক্ষাকৃত সরু, লম্বা এবং অগ্রভাগ সুঁচলো। সাধারণতঃ শীত প্রধান অঞ্চলে ইহাদের জন্ম। করাত দ্বারা এই সকল গাছ কাটিতে বেশ কষ্ট হয় এবং কর্তিত স্থান হইতে অধিক রস নির্গত হয়। ইহাদের সার কাঠের

বর্ণও গাঢ় নয়। পাইন, দেবদারু, কেল ( Kail ) প্রভৃতি এই শ্রেণীর অন্তর্গত। ইহারা চির সবুজ বৃক্ষ। এই জাতীয় গাছের কাঠ নরম বলিয়া নরম কাঠ বা Soft wood বলে।



### উচ্চিন্দ দেহের পাঠ্য

গাছের দেহ অন্যান্য জীবিত প্রাণীর মত অসংখ্য সূক্ষ্ম সূক্ষ্ম কোষ ( Cell ) দ্বারা গঠিত। এই কোষগুলির আকৃতি নানান প্রকারের হইয়া থাকে—কর্তকগুলি দেখিতে সূচাকৃতি, কর্তকগুলি বেনুনের মত গোলাকৃতি, আবার কর্তকগুলি বা লম্বা ও একদিকে ঢালু। অণুবীক্ষণ যন্ত্র দ্বারা পরীক্ষা করিলে দেখা যায় যে, এই অসংখ্য কোষ মোচাকের

গ্রায় একত্র কঠিন বন্ধনে সংযুক্ত । Hard wood ও Soft wood-এর মধ্যে ভিন্ন শ্রেণীর কোষ বিদ্যমান ।

Soft wood :—এই প্রকার গাছের গঠন অত্যন্ত সরল । ইহাতে বিশেষ করিয়া দুই প্রকারের কোষ দেখা যায় । ইহাদের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য Trachid—যাহা দেখিতে Spindle Or Cylinder এর মত ও দুই দিক তোঁতা । Cell wall সংযুক্ত বচরের কোন সময় স্থিতি হইয়াছে, তাহার উপরই ইহার ঘনত্ব [ thickness ] নির্ভর করে ।

বসন্তকালের wall গ্রীষ্মকালের wall অদেক্ষা অধিক পাতলা । ইহারা wood-substance গঠনে সহায়তা করে । দ্বিতীয় প্রকার কোষের নাম Parenchyma Cell । ইহারা গাছের খাতু জমা রাখিবার কাজ করে ।

Hard wood :—দেহের গঠন অত্যন্ত জটিল এবং ইহাদের মধ্যে নানা প্রকার কোষ বিদ্যমান । ইহারা এমনভাবে যে, যেন দেখিলে মনে হয়, একটি নলের স্থিতি করিয়াছে । এই নলগুলি কোন কোন সময় অতি বৃহৎ আকারেরও হয় । এই জাতীয় কোষ ওক, এলম প্রভৃতি গাছের মধ্যে বেশী দেখা যায় । Parenchyma জাতীয় কোষ Hard wood-এর মধ্যেও দেখা যায় । ইহারা কোন কোন সময় vessel এর মধ্যে আবৃত বা fibre এর মধ্যে ইতঃন্তু বিক্ষিপ্ত অবস্থায় থাকে ।

ବ୍ରହ୍ମକିଶ୍ଚିଲ ଗାଛର ବ୍ରହ୍ମ

Growth of Exogenous tree ]

ଗାଛର ବ୍ରହ୍ମ ପର୍ଯ୍ୟବେକ୍ଷଣ କରିଲେ ଦେଖା ଯାଇବେ ସେ, ଗାଛ ଅତ୍ୟନ୍ତ ଦୀରେ ଦୀରେ ବ୍ରହ୍ମପ୍ରାପ୍ତ ହିତେହେ ଏବଂ ବଂସରେ ବିଶେଷ ବିଶେଷ ସମୟେଇ । ଗାଛ ଜୀବନ୍ତ, କିନ୍ତୁ ଚଳାଫେରା କରିତେ ପାରେ ନା । ସଦି ଗାଛର ଏକଟି ଶାଖା କାଟିଯା ଉଚ୍ଚ ଶକ୍ତି ସମ୍ପନ୍ନ ଅଣୁବୀକ୍ଷଣ ସନ୍ତେର ଦ୍ୱାରା ପର୍ଯ୍ୟବେକ୍ଷଣ କରା ଯାଏ, ତବେ ଆମରା ଦେଖିତେ ପାଇବ ସେ, ତାହାର ମଧ୍ୟେ କତକଣ୍ଠିଲି ଛିଦ୍ର ରହିଯାଛେ ଏବଂ ସେଇଣ୍ଠିଲି ମାଟି ହିତେ ତରଳ ଆକାରେ ଗୃହିତ ଖାତେର ଉପାଦାନେ ( Sap Or Moisture ) ପୂର୍ଣ୍ଣ ।

ଏହି ଛିଦ୍ରଣ୍ଠିଲି ଯାହା ଦେଖା ଯାଇତେହେ ତାହା ଗାଛର କୋଷ ( Cell ) ଏବଂ କୋଷଣ୍ଠିଲି ଏକତ୍ର୍ୟକୁ ହିସ୍ତା ସେ ନଳେର ସ୍ଥିତି କରେ ତାହାର ମଧ୍ୟ ଦିଯାଇ Sap ଯାତାଯାତ କରେ । ଛାଲେର ନୀଚେ ସେ କୋଷ ଥାକେ ତାହାର ମଧ୍ୟ ଦିଯାଇ Sap ଯାତାଯାତ କରେ । ଏହି କୋଷଣ୍ଠିଲିକେ Cambium Cell ଏବଂ ସେ ସ୍ତରେର ମଧ୍ୟେ ଇହା ଦୃଢ଼ ହୁଏ ତାହାକେ Cambium layer ଆଖ୍ୟା ଦେଓଯା ହିସ୍ତାଯାଛେ । ଗାଛର ଏହି ଅଂଶ ଅସାର କାଠ ।

ମାଟି ହିତେ ତରଳ ଆକାରେ ଗୃହିତ ଖାତେର ଉପାଦାନ ସୂର୍ଯ୍ୟକିରଣ ଓ ପାତାର ସବୁଜକଣାର ସାହାଯ୍ୟେ Starch ବା ଖାତେ ପରିଣତ ହିସ୍ତା ଗାଛର ବିଭିନ୍ନ ଅଂଶେର ପୁଣ୍ଡିର ଜୟ ଆବାର ଫିରିଯା ଆସେ ।

ବାଂସରିକ କୁଣ୍ଠିଲୀ ( Annual Ring ) :—ବସନ୍ତକାଳେ ଅର୍ଥାତ୍ ଜାନୁଯାରୀ ହିତେ ମାର୍ଚ୍ ମାସେ ଗାଛ ମାଟି ହିତେ ଖାତେର ଉପାଦାନ ସଂଗ୍ରହ କରେ । ଏହି ଉର୍ଦ୍ଧଗାମୀ ପ୍ରବାହେର ସମୟ ଏକଟି ପାତଳୀ ସ୍ତରେ ସ୍ଥିତ ହୁଏ ଏହି ସ୍ତରକେ ବସନ୍ତକାଳୀନ ସ୍ତର ବା Spring layer ବଲେ ।

গ্রীঘকালে অর্থাৎ এপ্রিল হইতে জুন মাসে উক্ত সংগ্রহীত খাঁচের উপাদান পাতার সবুজ কণা ও সূর্য কিরণের (Cooking Process) সাহায্যে খাঁচে [Starch] পরিণত হয়।

এই Starch শরৎকালের [জুলাই হইতে সেপ্টেম্বর] শেষের দিকে পুনরায় রিভিল অংশে ফিরিয়া আসে। এই নিম্নগামী প্রবাহের সময় আবার একটি পাতলা স্তর গড়িয়া ওঠে। ইহাকে শরৎকালীন স্তর বা Autumn layer বলে। এই স্তর বসন্তকালীন স্তর অপেক্ষা গাঢ় উজ্জ্বল বর্ণের হয়। শীতকালে গাছে সর্বাপেক্ষা কম জলীয় পদার্থ থাকে।

বসন্তকালীন স্তর ও শরৎকালীন স্তর এক সংগে যুক্ত হইয়া যায়। এই সংযুক্ত স্তরকে বাংসরিক কুণ্ডলী বা Annual Ring বলা হয়। গাছের বৃক্ষ দেশের ভৌগলিক অবস্থার উপর অনেকাংশে নির্ভরশীল।

### গাছের বিভিন্ন অংশ

বাকল [Bark] গাছের বহিরাবরণকে ছাল বা বাকল বলা হয়। ইহা কোনও প্রকার কারিগরি কার্যের অনুপযোগী হইলে ও উষ্ণ পত্রাদি বিভিন্ন কাজে ব্যবহৃত হয়।

মজ্জা [Pith] :— ইহার অবস্থান গুঁড়ি অংশে কেন্দ্রস্থলে। ইহার সাহায্যে গাছ অতি শৈশবে বৃক্ষপ্রাপ্ত হয়। ইহা শাঁসের আকারে দেখা যায়। কিন্তু অতি পুরাতন বুক্সে ইহা দেখা যায় না।

অসার কাঠ [Sap wood] :— ইহার অবস্থান বাকলের টিক পরেই Cambium layer-ই অসার কাঠ। ইহার বর্ণ সাধারণতঃ সাদা এবং সকল প্রকার শিল্প কার্যের অনুপযোগী।

সার কাঠ [ Heart wood ] :- অসার কাঠের পর হইতে মজ্জা পর্যন্ত অংশই সার কাঠ। এই অংশ সাধারণতঃ রসিন। ইহা শিল্প-কার্যের উপযোগী।

মেডুলারী রেজ, [ Medulary rays ] :- বাকলের নীচ হইতে মজ্জা পর্যন্ত সম্পূর্ণ অংশই সূক্ষ্ম সূক্ষ্ম অসংখ্য কোষ দ্বারা গঠিত। এইগুলি ভূমির সহিত সমান্তরালে অবস্থান করে। এই সকল তাঁশের আকারের কোষগুলিকে মেডুলারী রেজ আখ্যা দেওয়া হইয়াছে। এই গুলির সাহায্যেই খাত্তরস চলাচল করে।

### TIMBER

যে কোন প্রকার শিল্প কাজ বা ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত কোন কাজে অর্থাৎ ঘর বাড়ী, আসবাব-পত্র, নৌকা, সেতু প্রভৃতি নির্মানের উপযোগী কাজকে Timber বলে।

### গাছ কাটিবাবে উপস্থুত সমস্যা ও ব্রহ্মস

বসন্তকালে গাছ খাতের উপাদান সংগ্রহ করিয়া উপরের দিকে ঢালনা করে। গ্রীষ্মকালে খাতের উপাদান খাতে পরিণত হয় এবং শরৎকালে এই খাতে পুষ্টির জন্য সকল অংশে পাঠাইয়া দেয়। এই সকল ঝাতুতে গাছে প্রচুর জলীয় পদার্থ থাকায় গাছ কাটা উচিত নহে। শীতকালেই গাছে সর্ববাপেক্ষা কম জলীয় পদার্থ থাকে। অতএব এই ঝাতুই গাছ কাটার প্রয়োজন সময়। অন্য ঝাতুতে গাছ কাটিলে গাছে প্রচুর জলীয় পদার্থ থাকিয়া যাইবে। ফলে তাহা শুকাইয়া লইতে বেশী সময় লাগিবে এবং

৮-  
দারুশিল্পের নানাকথা

অধিক রস নির্গত হইবার ফলে উহার শক্তি ও স্থায়িত্ব হ্রাস পাইবে।  
বিশেষ প্রয়োজনে গ্রীষ্মকালেও গাছ কাটা যাইতে পারে। কিন্তু তখনও  
গাছে অধিকমাত্রায় জলীয় পদার্থ থাকে।

উপর্যুক্ত সময় না হইলেও গাছ কাটা উচিত নহে। কারণ শৈশবস্থায়  
নরম থাকে এবং সুসংবন্ধ সারপ্রাপ্ত হয় না। এই সময় গাছ কাটিলে  
ভাল কাঠ বা সারকাঠ পাওয়া যাইবে না। সাধারণতঃ শক্ত জাতীয়  
গাছ একশত হইতে দুইশত বৎসরের মধ্যে এবং নরম জাতীয় কাঠ পঁচাত্তর  
হইতে একশত পঁচিশ বৎসরের মধ্যে কাটা উচিত।

HOHINIE



## দ্বিতীয় অধ্যায়

### ভারতের স্বাভাবিক উদ্ভিদ অধ্যল

উদ্ভিদের ভিন্ন ভিন্ন প্রকার আছে। আবার দেখা যায় এক এক স্থানে এক এক রকমের উদ্ভিদ জন্মে। ভারতবর্ষে বিভিন্ন অঞ্চলের উদ্ভিদের ভিত্তিতে আমরা ইহাকে কয়েকটি অঞ্চলে ভাগ করিতে পারি।

প্রথমঃ হিমালয়ের উচ্চতাংশে অর্থাৎ যেখানের উচ্চতা ৫০০০ ফুট হইতে ১২০০০ ফুটের মধ্যে, সেইসব স্থানে পাইন, সিলভার কার, এলম, দেবদার, স্প্রুস, কার, রোডোডেন্ড্রন প্রভৃতি নাতিশীতোষ্ণ অঞ্চলের সরল বর্গীয় ইক্ষের বনভূমি আছে। কোথাও বা মধ্যে মধ্যে ছোট ছোট গাছ, বোপ ও তংকুমি দেখা যায়। হিমরেখার নিকটে অর্থাৎ ১২০০০ ফুটের নিকটবর্তী অঞ্চলে শৈবাল জাতীয় উদ্ভিদ জন্মে। তাহার উপরে যেখানে বরফ কখনও গলিয়া যায় না, সেই চিরতুষ্যারের দেশে কোন উদ্ভিদই জন্মিতে পারে না। এই সমস্ত বৃক্ষের কাঠ নরম ও জালানী দ্রব্যে পূর্ণ। কাগজ ও রেয়েন এই সকল কাঠের মণি হইতে প্রস্তুত হয়। পরিবহন কষ্টকর বলিয়া ভারতে এই কাঠের ব্যবহার যথাযথ হয় না।

দ্বিতীয়ঃ হিমালয়ের নিম্নভাগে এবং আসামের ও ভারতবর্ষের পশ্চিম উপকূলের পার্বত্য অঞ্চলে যেখানে বৃষ্টিপাত ৮০ ইঞ্চির অধিক, সেখানে আবলুশ, রবার, ফার্ন, শিশু, মেহগিনি, চাপলাশ, গজ'ন, নাহার, বিশপ প্রভৃতি চিরহরিৎ বৃক্ষের বনভূমি। বারিদাত অধিক বলিয়া বায়ু মণি জলীয় বাপ্পে পূর্ণ। এই সমস্ত বৃক্ষের পাতা কোন

ঝাতুতেই বারিয়া যায় না । তাই ইহাদের চিরহরিৎ বৃক্ষ বলা হয় । হিমালয়ের নিম্নাংশে এই চিরহরিৎ বৃক্ষের বনভূমিকে তরাই অঞ্চল বলে । মাঝে মাঝে পাতলশীল পত্রযুক্ত বৃক্ষও দেখা যায় । উহাদের মধ্যে শালগাছ প্রধান ।

তৃতীয়ঃ (১) পশ্চিমাঞ্চল পর্বতের পূর্বচালে, উত্তর দক্ষিণে বিস্তৃত এক সংকীর্ণ জংগলে চিরহরিৎ বনভূমির ঠিক পূর্বদিকে মহারাষ্ট্র, মহীশূর, মাদ্রাজ ও কেরেলায় (২) দাক্ষিণাত্যের পূর্ববাহ্যে মাদ্রাজ, অঞ্চলপ্রদেশ, উড়িয়া, মহারাষ্ট্র ও মধ্য প্রদেশে (৩) ছোট নাগপুর ও মালওয়া মালভূমিতে ও মধ্যের পর্বত শিরায় (৪) হিমালয়ের পাদদেশে চিরহরিৎ বনভূমির ঠিক দক্ষিণ দিকে পশ্চিমবঙ্গ, বিহার, উত্তর প্রদেশ ও পাঞ্জাবের সামান্য অংশে শাল, সেন্টন, তাজুন, বট, আশথ, আগ, জাম, কাঁঠাল, পেয়ারা, লোহাকাঠ, মহুয়া, পলাশ প্রভৃতি বৃক্ষের গৌসুমী বনভূমি আছে । এই সমস্ত স্থানে বৎসরে গড় বৃষ্টিপাতারের পরিমাণ ৪০ ইঞ্চি হইতে ৮০ ইঞ্চি । মালভূমি অঞ্চলে অপেক্ষাকৃত কম বৃষ্টিপাতারের (প্রায় ৩০ ইঞ্চি) স্থানেও মাটি অধিক উর্বর বলিয়া এই বনভূমির সৃষ্টি হয় । গ্রীষ্মকালে অধিক উভাপের জন্য গৌসুমী অঞ্চলের কোন কোন গাছের পাতা বারিয়া পড়ে । সেইজন্য এই বনভূমিকে চিরহরিৎ বনভূমি না বলিয়া গৌসুমী বনভূমি বলা হয় ।

চতুর্থঃ ভারতবর্ষে পশ্চিম অঞ্চল সমূহে ছোট ছোট কঁটা জাতীয় গাছের বোপ ও গুল্মভূমি দেখা যায় । এখানে গড় বৃষ্টিপাতারের পরিমাণ ৪০ ইঞ্চিরও কম, সাবাই জাতীয় দীর্ঘ বাণিজ্যিক ঘাস এই অঞ্চলে জন্মিয়া থাকে । উহা দিয়া দড়ি ও উহায় মণ্ড দিয়া কাগজ প্রস্তুত হয় ।

ସମ୍ପଦ : ଉତ୍ତର ପର୍ଶିମାଂଶେ ବିଶେଷ କରିବା ରାଜଶାନେର ଅଧିକାଂଶ ହାନେ ବୃଦ୍ଧିପାତ ନାହିଁ ବଲିଲେବେ ଚଲେ । ମେଇଜ୍ୟ ଏଥାନେ ଗାଢ଼-ପାଲା କିଛୁଇ ଜନ୍ମାଇତେ ପାରେ ନା । ଅଧିକାଂଶ ହାନ ମରଭୁମିର ମତ ପଡ଼ିବା ଥାକେ । ତବେ ଏହି ଅନ୍ଧଲେ ବାବନା, ତେଶିରା, କଣିମଳ୍ଲସା ଜାତୀୟ ଗାଢ଼ ଜନ୍ମେ । ଭାରତବର୍ମେର ବିଖ୍ୟାତ ଥର ମରଭୁମି ଏହି ରାଜଶାନେ ଅବହିତ ।

ସମ୍ପଦ : ବନ୍ଦୋପସାଗରେର ଉପକୁଳେ ଏବଂ ନଦୀର ବ-ବୀପଣ୍ଡିତରେ ପାମ ଜାତୀୟ ତାଳ, ଖେଜୁର, ନାରିକେଳ, ସୁପାରୀ ଓ ମ୍ୟାନ ଗ୍ରୋଭ ଜାତୀୟ ଉତ୍କଳ ଜନ୍ମାଯାଇ । ସୁନ୍ଦର ବନ ଅନ୍ଧଲେର ଅଧିକାଂଶଇ ଏହି ମ୍ୟାନଗ୍ରୋଭ ଜାତୀୟ ଉତ୍କଳ । ସୁନ୍ଦରୀ, ଗରାଣ, ପଞ୍ଚର, ଗୋଲପାତା ପ୍ରଭୃତି ବୃକ୍ଷ ଏହି ଅନ୍ଧଲେ ଜନ୍ମାଯାଇ । ଏହି ସମସ୍ତ ବନଭୂମିକେ ବ-ବୀପିଯ ବନଭୂମି ବଲେ ।

ସମ୍ପଦ : ଏହି ସମସ୍ତ ସ୍ଵାଭାବିକ ଉତ୍କଳ ଅନ୍ଧଲ ଛାଡ଼ା ଭାରତେର ଅଧିକାଂଶ ହାନଇ କୃଷିଭୂମି । ମେଇଜ୍ୟ ଭାରତବର୍ମ ପୃଥିବୀର ମଧ୍ୟେ ଅଗ୍ରତମ କୃବି ପ୍ରଧାନ ଦେଶ । ଭାରତେ ମୋଟ ଆୟତନେର ଶତକରା ୨୦ ଭାଗ ବନଭୂମି ଆଛେ । କିନ୍ତୁ ପ୍ରତୋକ ଦେଶେ ଆୟତନେର ଶତକରା : ୫ ଭାଗ ବନଭୂମି ଥାକା ଆବଶ୍ୟକ । ମେଇଜ୍ୟ ଭାରତ ସରକାର କୃତିମ ବନଭୂମି ହଣ୍ଡିର ଉପର ବିଶେଷ ଗୁରୁତ୍ୱ ଆବୋପ କରିତେଛେ ।

**କଟ୍ଟାକଟି ସାନ୍ତ୍ରାଳିତ ଭାରତୀୟ କାଟି**

**COMMON INDIAN TIMBER**

ଶାଲ (Sal wood) :—ଏହି କାଠେର ଓଜନ ପ୍ରତି ସନକୁଟ ପ୍ରାୟ ୨୫ କିଲୋଗ୍ରାମ । ହିମାଲୟର ପୂର୍ବବାଂଶେର ନିମ୍ନ ଅନ୍ଧଲେ, ଉଡ଼ିଗ୍ରା ଓ

ଛୋଟିନାଗପୁରେ, ମଧ୍ୟପ୍ରଦେଶେ ଓ ପର୍ଶିମ୍ୟାଟ ଅନ୍ଧଲେ ଶାଲଗାଛ ପ୍ରଚୁର ପରିଗାଣେ ଜାଯେ । ଇହାର କାଠ ଶକ୍ତ । ତଙ୍କୁଗୁଲି ( grains ) ଅମ୍ବଣ ଏବଂ ଏଲୋମେଲୋ ହେୟାର କାଜ କରା ଅସୁବିଧା ହୁଏ । ଶାଲ କାଠ ଦେଖିତେ ପିଙ୍ଗଳ ବର୍ଣ୍ଣ ।

ରେଲ ଲାଇନେର ନୌଚେ ପାତିବାର କାଜେ ( Sleepers ) ଏବଂ ଘରେର କଡ଼ି, ଛୋଟ-ଖାଟ ପୁଲ ପ୍ରଭୃତିତେ ଏଇ କାଠ ବ୍ୟବହାର କରା ହୁଏ । ବିଭିନ୍ନ ଧରନେର ସାଧାରଣ ଆସବାବ-ପତ୍ର ସଥା :- ଟେବିଲ, ଡେଓର, ଚୌକି, ବେଙ୍ଗ ପ୍ରଭୃତି କାଜେଓ ଶାଲକାଠ ବ୍ୟବହାର କରାଯାଇଛି ।

ସେଣ୍ଟନ ( Teak wood ) :- ଓଜନ ପ୍ରତି ସନ୍କୁଟ ପ୍ରାର ୨୦ କିଲୋଗ୍ରାମ । ମଧ୍ୟପ୍ରଦେଶ, ପର୍ଶିମ୍ୟାଟ, ମାଦ୍ରାଜ ଓ ବୋଷାଇ ଅନ୍ଧଲେ ସେଣ୍ଟନଗାଛ ପ୍ରଚୁର ଦେଖା ଯାଏ । ଦେଶୀ ଅୟାନ୍ କାଠେର ତୁଳନାର ସେଣ୍ଟନକାଠ ଅନେକ ଭାଲ ବଲିଯା ଇହାକେ ଭାରତୀୟ କାଠେର 'ରାଜ' ବଲା ହୁଏ । ଇହାର ଅସାର ଅଂଶେର ରଂ ସାଦା ଏବଂ ସାର ଅଂଶେର ରଂ ଇବେ ହରିଦ୍ରାବ । କାଟା ଅବଶ୍ୟାଯ ଅଧିକଦିନ ଫେଲିଯା ରାଖିଲେ ସେଣ୍ଟନ କାଠ ବାଦାମୀ ଭାବ ଧାରଣ କରେ । ଏଇ କାଠ ଖୁବ ସହଜେ ସିଜନ୍ କରା ଯାଏ । ପାଲିଶ ଓ ସବଚେଯେ ଭାଲ ହୁଏ । ଇହାର ତଙ୍କୁଗୁଲି ଦେଖିତେ ସୂମନ ଓ ସୁଲନ । କୌଟେର ଜଗତେ ଇହା ଅଜାତଶାକ । ଏଇ କାଠ ଖୁବ ପାତଳା କରିଯା କାଟିଲେଓ ସହଜେ ଭାଙ୍ଗିଯା ଯାଏ ନା ବରଂ ବୀକ ସହ କରିତେ ପାରେ । ସେଣ୍ଟନ ଅତ୍ୟନ୍ତ ଶକ୍ତ ଓ ମଜବୁତ କାଠ । ସେ କୋନ କାଜେ ସହଜେ ବ୍ୟବହାର କରା ଯାଏ ଏବଂ କାଜ କରା ଅତ୍ୟନ୍ତ ଶୁବିଧା ଜନକ । କମପକ୍ଷେ ପଥଞ୍ଚ ବ୍ୟବହାରର ଗାଛ ନା ହଇଲେ ଇହାକେ କାଜେ ଲାଗାନ ଯାଏ ନା । ବ୍ରଜଦେଶେର ସେଣ୍ଟନ କାଠଟି ପୃଥିବୀର ମଧ୍ୟେ ସର୍ବାପେକ୍ଷା ଉତ୍ୱକୃଷ୍ଟ ।

এই কাঠ দিয়া দরজা, জানাজা, রেলগাড়ীর কাগরা, বে কোন প্রকার সৌধিন আসবাবপত্র এবং নৌকা প্রভৃতি তৈরারী করা যায়। ভারতবর্ষে কেবলমাত্র এই কাঠ দারাই নমুনা তৈরারীর ( Pattern making ) কাজ হয়। পৃথিবীর বহু বাবহত মূল্যবান কাঠের মধ্যে সেগুন অন্যতম।

শিশু ( Sishu ) : ওজন প্রতি ঘনফুট প্রায় ১২ কিলোগ্রাম। ভারতের সমভূমি অঞ্চলে এই গাছ জন্মিয়া থাকে। ইহার বর্ণ গাঢ় পিঙ্গল, আঁশগুলি ঘন সন্নিবিট ও মজবুত। ইহা অত্যন্ত স্থৰ্দৃশ্য কাঠ। ইহাকে সহজে সিজন ও ভাল পালিশ করা যায়।

খোদাই কিংবা সুন্দর সূক্ষ্ম কোন কাজে মূল্যবান আসবাবপত্র নির্মানে শিশুকাঠ ব্যবহার করা হইয়া থাকে।

মেহগিনি ( Mahogani ) :—ইহার ওজন শিশুকাঠের সমতুল্য। আসাম ও উৎপাদিত হিমালয় প্রদেশে মেহগিনি গাছ জন্মিয়া থাকে। ইহার বর্ণ লাল পিঙ্গল, আঁশগুলি ঘন ও সু-সংবন্ধ হওয়ায় কাজ করা সুবিধা জনক। ইহা সিজন করিতে বেশী সময় লাগে না। এই কাঠ অত্যন্ত স্থৰ্দৃশ্য ও মজবুত।

মূল্যবান আসবাবপত্রে মেহগিনি কাঠ ব্যবহার করা হয়। বাজারে মহার্ধ বলিয়া ইহার তেজন প্রচলন নাই।

আবলুশ ( Abony ) :—ইহার ওজন প্রতি ঘনফুট প্রায় ২০ কিলোগ্রাম। পশ্চিমঘাট পর্বতমালা ও মহীশূর অঞ্চলে আবলুশ গাছ প্রচুর জন্মে। মেহগিনির ন্যায় ইহাও অত্যন্ত মস্তক, বর্ণ লাল পিঙ্গল কিন্তু পুরাতন হইবার সংগে কালো রং ধারণ করে।

ମୂଲ୍ୟବାନ ଆସବାବପତ୍ର ନିର୍ମାଣେ ଏବଂ ଖୋଦାଇର କାଜେ ଆବଲୁଷ କାଠ ବ୍ୟବହାର କରା ହୟ । ମହେନା ଦେଖିଲେ ଇହାକେ ପାଥର ବଲିଯା ଭମ ହଇତେ ପାରେ ।

ଓକ ( Oak ) :—ଟ୍ରି ପୁଃ ହିମାଲୟ, ନେପାଲ, ସିକିମ, ଭୁଟାନ, ମନିପୁରେ ଓକ କାଠ ପାଓଯା ଯାଯ । ଇହା ଧୂସର ଗେରିଯା ରଙ୍ଗେର କାଠ । ମଧ୍ୟ ମଧ୍ୟ ବୁଟି ସମ୍ପିତ ଯେନ ରୂପାଲୀ ରେଖା ଦେଖା ଯାଯ । ଏହି କାଠ ଦେଖିତେ ଅତ୍ୟନ୍ତ ଚନ୍ଦନ ଏବଂ ସେଣୁନ ଆପେକ୍ଷା ଓ ନମଗ୍ନୀଯ । ବିଲାସ ବଜ୍ରଳ ସୌଖ୍ୟିନ ଆସବାବପତ୍ର ପ୍ରଭୃତି ନିର୍ମାଣେ ଏହି କାଠ ବ୍ୟବହାର କରା ହୟ ।

ଚନ୍ଦନ ( Sandal ) :—ଚନ୍ଦନ ଅଣ୍ଣାଙ୍ଗ କାଠେର ତୁଳନାୟ ହାଙ୍କା । ଇହାର ଓଜନ ପ୍ରତି ଘନଫୁଟ୍ ପ୍ରାୟ ୧୮ କିଲୋଗ୍ରାମ । ଚନ୍ଦନ କାଠ ଦୁଇ ପ୍ରକାରେ— ଶ୍ରେଷ୍ଠ ଚନ୍ଦନ ଓ ରଙ୍ଗ ଚନ୍ଦନ । ଶ୍ରେଷ୍ଠ ଚନ୍ଦନ ଅତିଶ୍ୟ ସ୍ଵଗନ୍ଧ୍ୟକୁଳ । କିନ୍ତୁ ରଙ୍ଗ ଚନ୍ଦନେର କୋଣ ଗନ୍ଧ ନାହିଁ । ଶ୍ରେଷ୍ଠ ଚନ୍ଦନ ଦକ୍ଷିଣ ଭାବତେର ଚିର ସବୁଜ ଗାଛ । ଆର ରଙ୍ଗ ଚନ୍ଦନ ହିମାଲୟେର ସାନୁଦେଖେ ରାଙ୍ଗି ଓ ଗଣ୍ଠକ ନଦୀର ମଧ୍ୟରୁଲେ ଉତ୍ପନ୍ନ ହୟ । ଆସାଗ ଏବଂ ବ୍ରହ୍ମଦେଶେଓ ଚନ୍ଦନକାଠ ପାଓଯା ଯାଯ । ଇହାର ତାଁଶ ସବ ଏବଂ ଶକ୍ତ । ଏହି କାଠ ପୋକା-ମାକଡ଼େର ଉପଦ୍ରବ ମୁକ୍ତ । ପୃଥିବୀର ମଧ୍ୟେ ସର୍ବାପେକ୍ଷା ମୂଲ୍ୟବାନ କାଠ ବଲିଯା ଚନ୍ଦନକାଠ ଓଜନ ଦରେ ବିକ୍ରି ହୟ ।

ଚୋଥ ଜୁଡ଼ାନ ସୌଖ୍ୟିନ ସୂର୍ଯ୍ୟ କାର୍ଯ୍ୟ ଥିଚିତ କାଜେ ଚନ୍ଦନେର ତୁଳନା ନାହିଁ । ଛବିର କ୍ରେମ, ଚିରଳୀ, କୋଟା, ବୋତାମ ପ୍ରଭୃତି ଏହି କାଠ ହଇତେ ପ୍ରକ୍ଷ୍ଵତ ହୟ । ହିନ୍ଦୁର ପୂଜା-ଅର୍ଚନାୟ ଚନ୍ଦନ କାଠ ଅପରିହାର୍ୟ । ଚନ୍ଦନେର ସୁବାସ ହଇତେ ସ୍ଵଗନ୍ଧି ତୈଳ, ସାବାନ, ଧୂପବାତିଷ୍ଠ ତୈୟାରୀ ହୟ ।

লোহকাঠ (Iron) :- এই কাঠ সর্বাপেক্ষা ভারী। প্রতি ঘনফুটের ওজন প্রায় ২৭ কিলোগ্রাম। ব্ৰহ্মদেশে, আসামে এই কাঠ অচুর পাওয়া যায়। এলোমেলো আঁশ বিশিষ্ট বলিয়া ইহার কাজ করা কষ্টদায়ক, পেরেক পর্যন্ত সহজে বসান যায় না। লোহাকাঠের বৰ্ণ লাল। সেতু, খুঁটি, বৱগা প্ৰভৃতিতে ইহার ব্যাপক ব্যবহাৰ আছে। কথনও কথনও আসবাবপত্ৰ নিৰ্মাণেও লোহাকাঠ ব্যবহৃত হয়।

বাবলা (Kikar) :- ইহার ওজন প্রতি ঘনফুট প্রায় ২৫ কিলোগ্রাম। ভাৰতবৰ্ষের প্রায় সৰ্বত্র বাবলা গাছ জন্মিয়া থাকে। খুব শুক্ৰ জায়গাতে ইহার গাছ বাঁচিয়া থাকিতে পারে বলিয়া অৱৰ্ণনিতেও বাবলা দুল'ভ নয়। ইহার অসার অংশ সাদা ও সার অংশ দেখিতে লাল রঞ্জের হইয়া থাকে। বাবলা কাঠ বেশী লম্বা কিংবা মোটা হয় না।

একমাত্ৰ বাবলা কাঠ হইতেই উত্তম কৃষি কাৰ্য্যের উপযোগী উত্তম লাঙ্গল প্ৰস্তুত হয়। ইহাভিন্ন গৰুৰ গাড়ীৰ চাকা, বিভিন্ন প্ৰকাৰ বন্ধ পাতিৰ হাতল ও নৌকাৰ বাঁক বৱাস ইত্যাদিতে এই কাঠ ব্যবহৃত হয়।

হলুদ (Haldu, Hedy) :- ইহার প্রতি ঘনফুটের ওজন আনুমানিক ১৮ কিলোগ্রাম। উত্তর প্ৰদেশ, নেপাল, আসাম, উত্তিৰঞ্চাৰ এই কাঠ পাওয়া যায়। ইহার রং হলুদে কিংবা ধূসৰ লালচে হয়। তন্ত্রগুলি অত্যন্ত মিহি কিন্তু দে তুলনায় তত মজবৃত নয়। মস্তণ বলিয়া এই কাঠে ভাল বার্ণণ কৱা যায়।

টেবিল, তলাপোৰ, চেয়াৰ প্ৰভৃতিৰ পাটাতল, আলমারীৰ প্যানেলে ও বিভিন্ন ধৰণেৰ আসবাবপত্ৰে এই কাঠ ব্যবহাৰ কৱা হয়।

দেবদারু ও পাইন ( Deodar & Pine ) :— ইহার ওজন প্রতি ঘনফুটে আনুমানিক ১৬ কিলোগ্রাম । হিমালয় অঞ্চলে এইসব গাছ প্রচুর পরিমাণে জন্মায় । ইহাদের কাঠ স্বচ্ছিত স্তর বিশিষ্ট হওয়ায় দেখিতে মনোহারী । বর্ণ ফিকে হল্দে । পালিশ করিলে ইহার স্তর স্বচ্ছ অত্যন্ত উজ্জ্বল দেখায় ।

রেলের পাটাতন, জাহাজের জেটি, ভাল প্যাকিং, আসবাবপত্র প্রভৃতির কাজে এই সকল কাঠ ব্যবহৃত হয় । উই পোকায় এই কাঠ নষ্ট করিতে পারে না । ইহাদের রস হইতে তার্পিন তেল, ও রঞ্জন প্রস্তুত হয় ।

শিমুল ( Silk-cotton tree ) :— ভারতীয় কাঠের মধ্যে সর্ববাপেক্ষা হাল্কা । ওজন প্রতি ঘনফুট প্রায় ১০২ কিলোগ্রাম । ভারতের সর্বত্র এই কাঠ পাওয়া যায় । এই কাঠের বর্ণ সাদা তবে সার অংশেই বর্ণ বাদামী রং ধারণ করে ।

সাধাৰণতঃ দেশালাইর বাক্স ও কাঠি, প্যাকিং বাক্স প্রভৃতি কাজে শিমুলকাঠ ব্যবহার কৰা হয় ।

আম ( Mango ) :— ভারতবর্মের সর্বত্র এই কাঠ পাওয়া যায় । এই কাঠের বর্ণ সাদাটে খুসর । আম কাঠ সহজে পোকায় নষ্ট করিতে পারে । সেইজন্য পারতপক্ষে আসবাবের কাজে ইহার ব্যবব্যার নাই ।

সাধাৰণতঃ প্যাকিংএর কাজে এই কাঠ লাগিয়া থাকে ।

গামাইর ( Gambhari ) :— আসামের পার্বত্য অঞ্চলে এই বৃক্ষ জন্মায় । ইহার বর্ণ হরিদ্রাভ । আঁশগুলি পাশাপাশি সন্নিবিষ্ট

ଏବଂ ଓଜନ ହାଙ୍କା ଧରନେର । ସହଜେଇ ସିଜନ୍ କରା ଯାଏ । ଏହି କାଠେର ସଂକୋଚନ ଅଛି ।

ସାଧାରଣତଃ ଆସବାବପତ୍ର ଓ ନକ୍ସାର କାଜେ ଏହି କାଠ ବ୍ୟବହାର କରା ହେଁ ।

କାଠାଳ ( Jack-fruit ) :—ଅଳ୍ଳ ବିକ୍ରି ମକଳ ହାନେଇ ଏହି କାଠ ପାଣ୍ଡୀ ଯାଏ । ଇହାର ସାର ଭାଗେର କାଠ ଖୁବ ଶକ୍ତି ଓ ମଜବୁତ । ଇହାର ବର୍ଣ୍ଣ ପ୍ରାୟ ନାଦା ଓ ଅଂଶଗୁଲି ଅତ୍ୟନ୍ତ ମିହି ।

ଆଲମାରୀ, ବାକ୍ର ପ୍ରଭୃତିର କାଜେ କାଠାଳ କାଠ ବ୍ୟବହାର ହତେ ପାରେ । ଇହା ଚାଡ଼ା ଟୋଲ ଏବଂ ତବଳାର ଖୋଲେର ଜଣ୍ଣ ଏହି କାଠ ବିଶେଷ ଉପଯୋଗୀ ।

ଜାରୁଳ ( Jarul ) :—ଦକ୍ଷିଣ ଭାରତ, ଆମାର ଓ ବାଂଲାଦେଶେ ଏହି ବୃକ୍ଷ ଦେଖି ଯାଏ । ବର୍ଣ୍ଣ ହାଲ୍କା ଲାଲ ବା ବାଦାମୀ । ଅଂଶଗୁଲି ଅତ୍ୟନ୍ତ ସନ । ଏହି କାଠ ଶକ୍ତି ଓ ମଜବୁତ ।

ସାଧାରଣ ଆସବାବପତ୍ର, ଜାନାଲା, ଦରଜା ପ୍ରଭୃତିତେ ଏହି କାଠ ବ୍ୟବହାର କରା ହେଁ । ଅଧିକଦିନ ଜଳେ ଥାକିଲେଣ ବର୍ତ୍ତ ହେଁ ନା ବଲିଯା ନୌକାର କାଜେ ଜାରୁଳ କାଠ ବିଶେଷ ଉପଯୋଗୀ ।

ସୁନ୍ଦରୀ ( Sundari ) :—ବାଂଲାଦେଶେର ସୁନ୍ଦରବନ ଅନ୍ଧବ୍ଲେ ସୁନ୍ଦରୀ ଗାଛେର ବନ ଆଛେ । ଏହି କାଠ ଗାଢ଼ ଲାଲ ବର୍ଣ୍ଣର ଓ ଦେଖିତେ ସୁନ୍ଦର । ଇହାର ଅଂଶଗୁଲି ସନ ସଂବନ୍ଧ ବଲିଯା କାଠ ବେଶ ମଜବୁତ ।

ସାଧାରଣ ଆସବାବପତ୍ର ଖୁଟି ଇତ୍ୟାଦିର କାଜେ ସୁନ୍ଦରୀକାଠେର ବ୍ୟବହାର ଆଛେ ।

ଶିରିବ ( Rain-tree ) :—ବିଶେଷ କରିଯା ଉତ୍ତର ଭାରତେ ଶିରିବ ଗାଛ ହୃଦୟ ପରିମାଣେ ଦୃଷ୍ଟ ହେଁ । ସିଜନ୍ କରା ଅସୁବିଧାଜନକ ଓ ଆକାର ବଜାର

রাখা অত্যন্ত কঠিন । তাপে সঙ্কুচিত কিংবা শৈত্যে সহজে প্রসারিত হয় । এই কাঠ অত্যন্ত অমসৃণ এবং অঁশগুলি বেশ মোটা । সার অংশের রং গাঢ় পিঙ্গল বর্ণ বাকী অংশে সাদা ।

সন্তা দরের সাধারণ আসবাবপত্রে ও প্যাকিং বাক্সের কাজে এই কাঠ ব্যবহৃত হয় । এই গাছ অতি অল্প দিনেই নহীরহের আকার ধারণ করে ।

আখরোট ( Walnut ) :—হিমালয়ের উত্তর পশ্চিম অঞ্চলে আখরোট জন্মিয়া থাকে । আখরোটের বর্ণ ঈষৎ পিঙ্গল এবং ইহার অঁশগুলি অত্যন্ত সূক্ষ্ম । কাজ করা সুবিধাজনক এবং বার্ণিশ ও সুন্দর হয় ।

আসবাবপত্র এবং খোদাইএর কাজে আখরোটের ব্যবহার আছে । কাশ্মীরে এই কাঠ হইতে নানা প্রকার নক্সার কাজ ও খেলনা প্রভৃতি প্রস্তুত হইয়া থাকে ।

নিম ( Margo ) :—ভারতবর্ষের সমভূমি অঞ্চলে এই গাছ প্রচুর জন্মায় । অসার অংশের রং সাদা কিন্তু সার অংশের রং ঈষৎ বাদামী । পোকায় সহজে নক্ট করিতে পারে । অঁশগুলি ঘন সন্নিবিহু । ইহা অত্যন্ত মজবুত কাঠ ও মাঝারী ধরণের ভারী কাঠ ।

আলমারী, চেয়ার, টেবিল প্রভৃতি হইতে আরম্ভ করিয়া সাধারণ যে কোন আসবাবপত্রে এই কাঠ নির্ভয়ে ব্যবহারযোগ্য । নিমগাছ বেশ স্বাস্থ্যকর ।

এতদ্ব্যতীত অজুন, মহুয়া, তেঁতুল, পেয়ারা, চির, বাউ প্রভৃতি আরও নানা প্রকারের গাছ আগামদের দেশে পাওয়া যায় ।

## PLY WOOD

Peeling Machine নামক যন্ত্রের সাহায্যে মোটা কাঠের শুঁড়ি হইতে পাতলা কাঠের স্তর বাহির করা হয়। এমনকি তর ইধিং পর্যন্ত পাতলা কাঠের স্তর বাহির করাও অসম্ভব নয়। এট স্তরগুলিকেই Ply বলা হয়। এইরূপ কমপক্ষে তিন বা ততোধিক Ply বা কাঠের স্তরকে আড়াআড়িভাবে glue বা অন্য কোন আঠার সাহায্যে জুড়িয়া শুক করিতে হয়। শুক হইলে ইহা কাজের উপযোগী হইয়া উঠে। সাধা-রণতঃ নরম কাঠই ( Soft Wood ) Ply নির্ধানের জন্য বিশেষভাবে ব্যবহৃত হয়।

এই কাঠ হাল্কা অথচ মজবুত। সেই কারণেই ঘরের পার্টিশন, সিলিং হইতে আরম্ভ করিয়া চারের প্যাকিং বাক্স, ব্ল্যাক বোর্ড, ক্যারম বোর্ড, রেডিওর ক্যাবিনেট, চেয়ার ও টেবিলের ছাদ ( top ) প্রভৃতিতে Ply Wood-এর ব্যাপক ব্যবহার আজকাল চলিতেছে। বাজারে কাঠের মহার্বতার জন্য সাধাৰণ কমনামী কাঠের উপর সেগুন, মেহগিনি, শিশু, আবলুশ, আখরোট, ওক প্রভৃতিৰ Ply বসাইয়া ইহাকে স্বদৃশ্য ও সুন্দর করিয়া তোলা হইতেছে। ফলে দামের তুলনায় সৌখিন জিনিস পাওয়া যায়।

# তৃতীয় অধ্যায়


কাটের বিভিন্ন প্রকার দোষ  
( DIFFERENT TYPES OF DEFECTS  
IN TIMBER )

## SHRINKAGE ও WARPAGE

কোষগুলি লবণাক্ত জলীয় পদার্থে পূর্ণ থাকে। সিজিং এর সাহায্যে সেই লবণাক্ত জলীয় পদার্থ শুকাইয়া লওয়া হয়। এই সময় কোষগুলির আকার তথা কাটের আয়তনের ( volume সংকোচন হয়। আয়তনের এই হ্রাসকে সংকোচন বা Shrinkage বলে। এই সংকোচনের ফলে আকারের ( shape ) যে পরিবর্তন ঘটে তাহাকে Warpage বলে। নানান রকমের War page হতে পারে : -


Cupping :— Plain Sawing এর বেশী চওড়ার কাটে এইরূপ অবস্থা ঘটে। সেইজন্য Plain Sawing এর কাঠ উপরুক্ত ব্যবহায় রাখা উচিত। Cuping এর লক্ষণ হইতেছে, ইহাতে কাটের চওড়া দিকের উভয় প্রান্ত উপরে উঠিয়া থায় কিংবা নিচে নামিয়া আসে। এইরূপ কাঠকে সোজা করিতে হইলে অবতল অংশে ( Concave side ) আস্তা দিয়া এবং উত্তল বা শ্ফীতোদর অংশে ( Convex side ) গরম দিয়া সোজা করা যাইতে পারে।


Bowing :—যদি অঁশগুলি নিয়মিত এবং সোজা বৃক্ষপ্রান্ত না হয় তবে এইরূপ অবস্থা ঘটিতে পারে। ইহাতে কাঠ Cupping এর ঠিক বিপরীতভাবে বক্রাকার ধারণ করে অর্থাৎ লম্বাদিকের উভয়



A. Cupping B. Bow C. Spring D. Twist

RECORDED IN WAR BURGESS  
1900  
LAW. 100





প্রান্তদেশেই নিচে বা উপরে বাঁকিয়া থায়। অনেকটা ধনুকের আকার থারণ করে। বাঁকাদিকে গরম এবং ভার চাপাইয়া সোজা করা যাইতে পারে। যে সকল কাজে বাঁকান কাঠের প্রয়োজন স্থানে এই প্রকার কাঠ সোজা না করিয়াই ব্যবহার করা যাইতে পারে।

Springing : লহালস্থি পাশের দিকে বাঁকিয়া যান্ত্রাকে springing বলে। কাঠের যেদিকে অসার অংশ বেশী থাকে, সেইদিকেই সাধারণতঃ বাঁকিয়া থায়। সোলাকার সমতলের কাজে এই প্রকার কাঠ ব্যবহার করা যাইতে পারে।

Twisting : সিজরিং-এর সময় বিশেষ সতর্ক না থাকিলে কাঠ ক্র-এর মত বাঁকিয়া যাইতে পারে। ইহাকে Twisting বলা হয়। উঁচু কোনে আদ্রতা ও গরম দিয়া এবং ভারী জ্বর চাপাইয়া সোজা করা যাইতে পারে।

বিভিন্ন প্রকারের বাঁকা কাঠকে নানা কৌশলের সাহায্যে সোজা করিয়া কাজে লাগান গেলেও ইঞ্জিনিয়ারিং দৃষ্টিভঙ্গিতে কাঠের স্বাভাবিক অবস্থার এই বিকার বা পরিবর্তন স্থায়ী দোষ বলিয়া গণ্য হইয়া থাকে।

### গিঁট বা গাঁইট (KNOTS)

গিঁটের নিকটে আসিয়া অংশগুলির বৃদ্ধি বাধা প্রাপ্ত হয়। ইহা সাধারণতঃ গাছের দুইটি শাখা বা প্রশাখার মিলনস্থলে গিঁটের উদ্বৃত্ত হয়। ইহা প্রধানতঃ দুই প্রকারের —

জীবন্ত গিঁট (Live knot) : এই জাতীয় গিঁট কাঠের আঁশের সহিত দৃঢ়ভাবে জুড়িয়া থাকে। ধাকা দিলেও সহজে খুলিয়া থায় না। ইহা খুব মারাত্মক নহে।


২০.৫.৭৫

৮৩৬৭


মৃত গিঁট ( Dead knot ) : এই জাতীয় গিঁট কাঠের আঁশের সহিত যুক্ত থাকে। পরন্তু ইহার চারদিকে কাল্চে গোলাকার দাগ দেখা যায়। সামান্য ধাকাতেই সহজে খুলিয়া যাইতে পারে। তাহাতে গর্ত হইলে সম পরিমাপের কাঠ দিয়া গর্ত বন্ধ করিয়া কাজ করা। যাইতে পারে। ইহা অত্যন্ত মারাত্মক।

### ফাটল ( SHAKE )


কাঠ যদি সমানভাবে না শুকায়, তাহা হইলে স.কোচন ও অসম হইবে। ফলে ফাটলের স্থষ্টি হয়। ফাটলের প্রথম অবস্থাকে Crack এবং Crack বিস্তার লাভ করিলে তাহাকে Shake বলা হয়। ইহা সাধারণতঃ তিনি প্রকারের :—



আন্তরিক ফাটল



তারকা ফাটল



বৃত্তাকার ফাটল

(১) আন্তরিক ফাটল ( Heart shake ) : যে সমস্ত ফাটল Heart বা মধ্যাংশ হইতে উৎপন্ন হইয়া ক্রমশঃ ছালের দিকে বিস্তারলাভ করে তাহাকে আন্তরিক ফাটল বলা হয়।

(২) তারকা ফাটল ( Star shake ) : যে সমস্ত ফাটল ছাল বা কাঠের বাইরের দিক হইতে উৎপন্ন হইয়া ক্রমশঃ মধ্যাংশের দিকে ছড়াইয়া পড়ে তাহাকে তারকা ফাটল বলে।

(৩) বৃত্তাকার ফাটল ( Cup shake ) : অনেক সময় কাঠের Annual ring-এর মধ্যস্থলে ফাটলের স্থষ্টি হয়। ইহা সাধারণতঃ গোলাকার। ইহাকে স্বত্ত্বাকার ফাটল বলা হয়।

### HONEY-COMBING

কৃত্রিম সিজনিং-এর সাহায্যে অতিশীত্র শুকাইবার সময় অনেক সময় কাঠের বাইরের দিক সহজে শুকাইয়া যায়। কিন্তু মধ্যাংশে জলীয় পদার্থ থাকিয়া যায়। তখন এই প্রকার দোষের স্থষ্টি হয়। ইহাকে অনেকে Wood checks বলিয়াও থাকেন। সেইজন্য কৃত্রিম সিজনিং খুব সাধারণে করিতে হয়।

### চুর্ণল ছক্কীণ প্রান্ত ( WANED EDGE )

চেরাই করিবার কালে অনেক সময় বাকলের দিকের কাঠের গোলাকার অংশ থাকিয়া যায়। এই গোলাকার অংশটি অসার কাঠ।



তাহা কার্যের অনুপযোগী। তাই এই অংশটি বাদ দিয়া কাজ করা উচিত।

মোচড়ান অঁশ ( Twisted Fibre ) : কোন কোন গাছ ক্র-এর গত বাঁকিয়া বা Spindle style-এ বৃক্ষ পায়। এই সকল গাছের অঁশ মোচড়ান অবস্থায় থাকে। চেরাই করিবার সময় এইরূপ কাঠ বাদ দেওয়া উচিত।

# চৰ্তুৰ্থ আধ্যায়া

কাঠের সাধাৰণ রোগ

COMMON DISEASES OF TIMBER

আদ্র পচন (Wet rot) : সাধাৰণতঃ ভিজে শুঁতশুঁতে জায়গায় বা আদ্র আবহাওয়াৰ মধ্যে কাঠ অধিকদিন পড়িয়া থাকিলে এইকুপ পচন হয়। জলেৰ মধ্যে পড়িয়া থাকিলেও এই প্রকাৰ পচন হইতে পাৰে। কাঠেৰ একস্থানে পচন আৱস্থ হইলে ক্রমে তাহা সক্রামক ব্যাধিৰ ঘ্যায় সমস্ত কাঠকেই নষ্ট কৱিয়া ফেলে। এইকুপ পচনে কাঠেৰ শক্তি হ্ৰাস পায় এবং তাহার মৌলিক গুণ হাৰাইয়া নৱম পদাৰ্থে পৰিণত হয়। এই প্রকাৰেৰ কাঠ ব্যবহাৰেৰ সম্পূৰ্ণ অনুপযুক্ত।

শুক পচন (Dry rot) : কাঠ বেশীদিন খোলা জায়গায় বৌজ্ব ও বৃষ্টিৰ মধ্যে পড়িয়া থাকিলে তাহার উপৰে ফঁয়াকাস জাতীয় উদ্বিদ জন্মায়। অনেক সময় প্রাণীদেহেও এই জাতীয় উদ্বিদ জন্মাইতে দেখা যায়। ইহারা কাঠ নষ্ট কৰে। এই কাঠ হাল্কা ও ভঙ্গুৰ হইয়া যায়। এই প্রকাৰ কাঠও কোন প্রকাৰ কাজে ব্যবহাৰ কৰা উচিত নহে।

ঘূনধৰা (Wood worm) : অধিক বয়সেৰ গাছ হইলেও উভয় মিজনিং না হইলে কাঠে ঘূন ধৰিতে পাৰে। সাধাৰণতঃ অসার কাঠেই ঘূন ধৰে। ইহাতে কাঠে অসংখ্য ছিদ্ৰ দেখা যায় এবং সেই ছিদ্ৰগুলি হইতে পাউডারেৰ ঘ্যায় কাঠেৰ গুঁড়ি বাহিৰ হইতে থাকে। কম বয়সেৰ গাছেৰ এবং বিশেষ বিশেষ কয়েকটি গাছেৰ কাঠেও ঘূন

ধরে। ইহাতেও কাঠ ভঙ্গুর হইয়া পড়ে এবং তাহার শক্তিও হাস পায়।

উইপোকা (White ant) : কোন কোন জায়গার মাটিতে প্রচুর উইপোকা বাস করে। ইহারা কাগজ, বাঁশ, কাপড় কোনও কাঠ ইত্যাদি খাইয়া নষ্ট করে। ইহার একত্র অধিক সংখ্যায় বাস করে এবং মাটি দিয়া চিপি তৈরী করে। ইহারা দেখিতে পিপালিকার মত কিন্তু রং সাদা। উইপোকা কোন কোন সময় খড়ের ঘরের কাঠামোও সম্পূর্ণ নষ্ট করিতে দেখা যায়। সাধারণতঃ রসাল জায়গায় ইহারা বাস করে। এখানে উল্লেখ করা যাইতে পারে যে, উইপোকা সেগুন, দেবদারু ও পাইন কাঠ নষ্ট করিতে পারে না।

## পঞ্চম অধ্যায়

### CONVERSION OF TIMBER

গুঁড়ি কাঠগুলিকে চেরাই করিয়া Plank, Board, Scantling ইত্যাদিতে রূপান্তরিত করাকে Conversion of timber বলা হয়। এই কাজে অভিজ্ঞতার বিশেষ প্রয়োজন আছে। স্বত্বাবতঃই ইহা অতি সহজ মনে হইলেও কার্যক্ষেত্রে তত সহজ নহে। গুঁড়ি কাঠে ফাটল, গিঁট, মড়ার অবস্থান, আঁশের জটিলতা ও গুঁড়ি কাঠের অসম আকার ইত্যাদি বেশীর ভাগ ফেরেই অত্যন্ত জটিলতার স্থষ্টি করে। কাঠ চেরাই করিবার সময় যাহাতে কাঠ নষ্ট না করিয়াই চেরাই করা যায় সেদিকে বিশেষ গুরুত্ব আরোপ করা উচিত। সাধারণতঃ তিনি প্রকারের চেরাই প্রচলিত।

(1) Plain sawing (2) Tangential sawing এবং  
Quarter sawing.

Plain sawing :—গুঁড়িকাঠ বা Balkকে লম্বালম্বি চেরাই করিয়া Plank বা Board-এ পরিণত করা হয়। ইহাই সর্বাপেক্ষা সহজ ও সাধারণ নিয়ম। ইহা হইতে উৎপন্ন Plank ভিন্ন প্রকারের হয়। অর্থাৎ মড়ার নিকটবর্তী অংশের Plank-এ বেশী সারকাঠ থাকায় উহারা উৎকৃষ্ট শ্রেণীর হয় এবং বাঁক ও ব্যথাসন্ত্ব কম হয়। আর ক্রমশঃ বাকলের দিকের কাঠে অসার অংশ বেশী থাকায় কম মজবুত হয় এবং সহজে বাঁকিয়া যায়।

Taengential sawing :— କତକଣ୍ଟଳ କାଠେର ଚେଉଥେଲାନ ଉତ୍ତରଳ ତାଁଶ ରହିଯାଛେ । ଏହି ସକଳ କାଠ ଯଦି କୋଣାକୋଣି କାଟା ଯାଏ ତବେ ଅତି ସୁନ୍ଦର କାଠ ପାଓଯା ଯାଏ । ସେଇଜନ୍ତୁ ଏହି ପ୍ରକାର କାଠେ Tangential sawing-ଇ ଉପଯୋଗୀ । ଏହି ପ୍ରକାର କାଠ ଅତ୍ୟନ୍ତ ଦାମୀ ଆମଦାରପତ୍ରେ ବ୍ୟବହାର ହେଲା ହୁଏ । ଏହି ପ୍ରକାର sawingକେ Radial sawing ଓ ବଲା ହେଲା । ଇହାତେ ଅନେକ କାଠ ନମ୍ତ ହଇଯା ଯାଏ ।

Quarter sawing :— ଗୁଁଡ଼ି କାଠ ବା Balkକେ ପ୍ରଥମତଃ ଚାରି ଭାଗେ ଭାଗ କରିଯା ଚେରାଇ କରିତେ ହେଲା । ସେ ସକଳ କାଠେ Heart shake ଦେଖା ଯାଏ, ବେଶୀ ରମ ଥାକେ ବା ବାଁକିଯା ଯାଏ ସେଇ ସକଳ ସ୍ଥାନେ ଏହି ପ୍ରକାର ଚେରାଇ ଶ୍ରେଣୀ । ଏହି ପ୍ରକାର ଚେରାଇତେ ପ୍ରଚୂର ମଜୁରୀ ଖରଚ ହଇଯା ଯାଏ ।

## স্মৃষ্টি আধ্যাত্ম

সিজনিং বা আচুসরণ  
SEASONING

সংস্কার গাছে প্রচুর পরিমাণে লবণাক্ত জলীয় পদার্থ থাকে। কোন কোন সময় দেখা যায় যে, গাছের সম্পূর্ণ ওজনের এক তৃতীয়াংশ পর্যন্ত জলীয় পদার্থ থাকে। এই জলীয় পদার্থ মুক্ত কাঠ দ্বারা কোনও কাজ বিশেষ করিয়া স্থায়ী কাজ করা চলে না। তাই জলীয় পদার্থ শুক্র করিয়া লওয়া একান্ত প্রয়োজন। এই শুক্র করিবার পদ্ধাকে সিজনিং বলা হয়।

সিজনিং করিতে হইলে কতকগুলি নিয়ম বা প্রক্রিয়া অচুসরণ করা প্রয়োজন। তাহা নিম্নে বর্ণিত হইল।

### প্রার্থিক প্রক্রিয়া।

গাছগুলি কাটিবার পর তাহাদের শাখা-প্রশাখাগুলি ফেলিতে হয়। পারে গুঁড়ি কাঠগুলিকে স্রোতের প্রচ্ছ জলে কিছুদিন ফেলিয়া রাখিলে, ইহার গধ্যবর্তী লবণাক্ত জলীয় পদার্থ অপেক্ষাকৃত তরল হইয়া যাইবে। ইহা শুকাইবার কাজে বিশেষ সহায়তা করে এবং ফাটল ঘথাসন্তুর কম হয়। পার্বত্য প্রদেশ হইতে কাঠ নদীতে ফেলিয়া সমভূমিতে আনা হয়। তখন এই কাজ আপনা হইতে হইয়া যায়। গুঁড়ি কাঠগুলিকে জল হইতে তুলিবার পর মুক্ত বাতাসে সাজাইয়া রাখা উচিত। অতঃপর প্রয়োজন মত আকারে চেরাই ( sawing ) করিতে হয়। বর্তমান এই সাইজ কাঠগুলিকে দুই নিয়মে সিজনিং করা যাইতে পারে।

প্রথমতঃ প্রাকৃতিক সিজনিং বা Natural seasoning এবং দ্বিতীয়তঃ  
কুক্রিম সিজনিং বা Artificial বা Kiln seasoning ।

### প্রাকৃতিক সিজনিং

প্রাকৃতিক সিজনিং-এর জন্য প্রয়োজনীয় ঘর ও তাহার পারিপার্শ্বিক  
অবস্থার বিবরণ :—

(ক) ঘরটির মেঝে শুক হইবে এবং প্রচুর বায়ু চলাচলের ব্যবস্থা  
থাকিবে। আর আচ্ছাদনটি এমন হওয়া দরকার যেন রোদ বা বৃষ্টি  
না লাগে।


(খ) নরম জাতীয় কাঠের জন্য সবদিক ঘেরা এবং শক্ত জাতীয়  
কাঠের জন্য কেবলমাত্র উত্তরদিক খোলা ঘরই প্রশংসন্ত।

(গ) মেঝে হইতে কিছু উপরে কাঠ সাজাইতে হয়।

(ঘ) মেঝের খানিক উপরে এবং আচ্ছাদনের নিচে তারের জাল  
দিলে ভাল হয়।

(ঙ) সন্নিকটে কোন বৃহৎ জলাশয় না থাকিলে ভাল হয়।

(চ) চেরাই কাঠগুলিকে একটির পর একটি মাঝাখানে ফাঁক



রাখিবার জন্য একটি ছাট কাঠের টুকরা দিয়া সাজাইতে হয়। ইহাকে  
Stacking বলে।

কাঠগুলিকে মাঝে মাঝে ভাস্তুয়া সাজাইলে ভাল হয়।

এইভাবে কাঠ সাজাইয়া রাখিলে কাঠের জলীয় পদার্থ শুকাইয়া যাইতে পারে। ইহাতে অন্ততঃপক্ষে এক বছর সময় দরকার। দুই তিন বছর রাখিতে পারিলে খুব ভাল হয়। ইহা সময়সাপেক্ষ। এই পদ্ধাকে প্রাকৃতিক নিজনিং আখাৰা দেওয়া হইয়াছে।

### কৃত্রিম সিজনিং

বাইরের আলো বাতাসমুক্ত নিশ্চিদ্র ঘরের চুল্লী হইতে উৎপন্ন গরম গ্যাস বাতাসাত করিবার জন্য উপযুক্ত স্থান Steam pipe বা flow pipe বসাইতে হইবে। উহার সন্নিকটে বৈদ্যুতিক পাখা বসান থাকিবে। এখন ঘরের মধ্যেও পরিমণ্ডল অত্যন্ত উত্তপ্ত হইবে। আর তাপ নিয়ন্ত্রণ করিবার জন্য ঘরের বাইরে Meter বা নিয়ন্ত্রণ যন্ত্র বসান থাকিবে। Trolleyতে কাঠ stacking করিবার পর উহা ঘরের মধ্যে প্রবেশ করাইয়া প্রবেশ দ্বার বন্ধ করিয়া দিতে হইবে। Meterটির উপর সর্ববিদ্যুৎ বিশেষ নজর রাখিতে হইবে। এই প্রকারে কাঠ রাখিলে তিন হইতে চার সপ্তাহের মধ্যে কাঠের জলীয় পদার্থ শুকাইয়া যাইতে পারে। কাঠের জলীয় পদার্থ শুকাইবার এই পদ্ধাকে কৃত্রিম সিজনিং বা Artificial বা Kiln Seasoning বলা হয়।

সপ্তম অধ্যায়  
কাঠের সংরক্ষণ  
PRESERVATION OF TIMBER

ନାନାବିଧ ପୋକା, ଆବହାସ୍ୟ ପ୍ରଭୃତିର ଦ୍ୱାରା ଯାହା କାର୍ତ୍ତ ସାଧାରଣତଃ ନଷ୍ଟ ହେଯ । ତାଇ ଉତ୍ତାଦେର ହାତ ହିଟେ ରକ୍ଷା ପାଓୟାର ଜଣ୍ଯ ନିମ୍ନୋକ୍ତ ଉପାୟ ଅବଲମ୍ବନ କରା ସାଇତେ ପାରେ ।

Painting, Tarring and Varnishing :—যে কোন প্রকারের তেল দ্বারা প্রস্তুত রং, আল্কাতরা লাগাইলে পোকা বা আবহাওয়ার হাত হইতে কাঠকে রক্ষা করা যাইতে পারে। বার্ণিং করার ইহা ও একটা কারণ।

Creosoting :—বৃক্ষের তৈলাত্ত রস হইতে এই তৈল পাওয়া যায়। পচন নিরোধক বনিয়া কাঠের সংরক্ষণে ইহার বহুল ব্যবহার আছে। কাঠ ও তেল একটি পাত্রে গরম করিয়া এই তৈল প্রবেশ করান হয়।

Charring the surface of timber :—কাঠের উপরিভাগ  
পোড়াইয়া বা সেঁকিয়া তাহাতে আলুকাত্তরা লাগাইয়া রাখিলে উইপোকা  
নষ্ট করিতে পারে না ।

Ascuing : তুঁতে বা কাঠ সংরক্ষক অন্য কোন পদার্থ জলে গুলিয়া কাঠে দিলেও পোকার হাত হইতে রক্ষা করা যাইতে পারে। একটি আবক্ষ পাত্রে তুঁতে বা অন্যান্য সংরক্ষক রাসায়নিক পদার্থ জলে গুলিয়া, তাহা মধ্যে কাঠ দিয়া যন্ত্রের সাহায্যে উচ্চ চাপের স্থষ্টি করিয়া

আঁশের মধ্যস্থিত ফঁকা জায়গায় প্রবেশ করান হয়। পরে অবশ্য রং, বার্ণিশ বা পালিশ ব্যবহার করা যাইতে পারে।

উপরোক্ত নানান পদ্ধতিতে কাঠ সংরক্ষণ করা যাইতে পারে। ইহাতে যে কেবল সংরক্ষণ হয়, তাহাই নহে। স্থায়িত্ব এবং শক্তি ও বৃদ্ধি পায়। অবশ্য উত্তম seasoning করা কাঠই কেবলমাত্র সংরক্ষনের মৌগী।

### MARKET FORMS OF TIMBER

১। Whole timber :—জীবন্ত গাছ কাটার পর ডালপালা-সহ গাছকে whole timber বলে।

২। Log :—Whole timber-এর ডাল-পালা কাঠের পরের অবস্থাকে log বা গুঁড়ি কাঠ বলে।

Lopping : গাছের ডালপালা কাটার নিয়মকে lopping বলে।

৩। Semi-log :—Logকে লঙ্ঘালঞ্চি দুই ভাগে ভাগ করিলে প্রত্যেক অংশকে semi-long বলে।

৪। Quarter log :—Semi-log কে দুই ভাগে ভাগ করিলে প্রত্যেক ভাগকে Quarter log বলে।

৫। Balk :—Logকে মোটামুটি চারকোণা করিলে balk-এর আকার ধারণ করে।

৬। Sleeper :—Balk কে দুই বা চার ভাগে ভাগ করিলে এবং নিম্নোক্ত আকারে হইলে তাহাকে Sleeper আখ্যা দেওয়া যায়।

প্রামানিক আকার ( Standard size )

লম্বা—৮' ফুট হইতে ১৪' ফুট।

চওড়া ১" ইঞ্চি হইতে ৯" ইঞ্চি।

উচ্চতা—৫" ইঞ্চি হইতে ৬" ইঞ্চি।

৭। Plank :—২" ইঞ্চি বা তাহার বেশী উচ্চতা বিশিষ্ট করিয়া sleeperকে কাটিলে তাহাকে Plank বলে।

৮। Board :—২" ইঞ্চির কম উচ্চতা বিশিষ্ট করিয়া sleeper কে কাটিলে তাহাকে Board বলে।

৯। Miniature Plank বা Deal :—নিম্নোক্ত সাইজের চেরাই কাঠকে Deal বা Miniature plank বলে।

প্রামানিক আকার ( Standard size )

২" ইঞ্চির বেশী উচ্চতা।

৬" ইঞ্চি হইতে ৯" চওড়া।

৬' ফুট বা বেশী লম্বা।

১০। Minirture board বা Batten :

প্রামানিক আকার ( Standard size )

২" ইঞ্চির কম উচ্চতা।

৬" ইঞ্চি হইতে ৯" ইঞ্চি চওড়া।

৬' ফুট বা তার বেশী লম্বা।

১১। Gattu :—নিম্নোক্ত সাইজের কাঠকে gattu বলে।

লম্বা—৬' ফুট হইতে ৮' ফুট।

চওড়া—৬" ইঞ্চি হইতে ৮" ইঞ্চি।

উচ্চতা—৮" ইঞ্চি হইতে ৬" ইঞ্চি।

## ଅଷ୍ଟମ ଅଧ୍ୟାୟ

### TOOLS ( ସଂକ୍ଷପାତ୍ର )

କାଠେର କାଜେ ବିଭିନ୍ନ ପ୍ରକାର ସନ୍ତ୍ରପାତିର ବ୍ୟବହାର ଆଛେ । ଏହିଶ୍ଳିଲି କାର୍ଯ୍ୟାନୁସାରେ ଭିନ୍ନ ଭିନ୍ନ କାଜେ ବ୍ୟବହାର ହୁଏ । କାର୍ଯ୍ୟର ଧରଣ ଅନୁସାରେ ଏହିଶ୍ଳିଲିକେ କୟେକଟି ପ୍ରଧାନ ଭାଗେ ଭାଗ କରା ହିଁଯାଇଛେ ।


- ୧ । ମାପ ଲାଇବାର, ଦାଗ୍ କାଟିବାର ଓ ପରୀକ୍ଷା କରିବାର ସନ୍ତ୍ରାଦି ।  
( Measuring, Marking and Testing tools )
- ୨ । ଧରିବାର ବା ଆଟକାଇବାର ସନ୍ତ୍ରାଦି ।  
( Grasping or Holding tools )
- ୩ । ବିଭିନ୍ନ ପ୍ରକାର ବାଟାଲୀ ।  
( Various kinds of Chisels )
- ୪ । କରାତ ।  
( Saw )
- ୫ । ଚାଁଚିଆ ମୟଣ କରିବାର ସନ୍ତ୍ରାଦି ।  
( Planning tools )
- ୬ । ଛିନ୍ଦ କରିବାର ସନ୍ତ୍ରାଦି ।  
( Boring tools )
- ୭ । ବିବିଧ ସନ୍ତ୍ରାଦି ।  
( Miscellaneous tools )

## ଲେଖକ ଅଧ୍ୟାତ୍ମ

## ନାଗ କାଣ୍ଡା ଓ ଗାପ ଲଇବାର ସଂକାଳି ( MARKING AND MEASURING TOOLS )

মাপ লইবার জন্য ফিতা, গজ, মাটাম, বিভেল মাটাম, Combination square, কম্পাস, ক্যালিপাস', এবং দাগ কাটিবার জন্য মাকিং গজ, আঁচড়া, মিটার ব্লক, মিটার বক্স, মিটার স্লটিং বোর্ড, চক বা পেন্সিল ইত্যাদির বহুল ব্যবহার আছে। ইহাদের বিশেষ বিবরণ নিম্নে লিপিবদ্ধ করা হইল।

ফিতা ( Tape ) :- কোন বৃহৎ মাপ লইবার জন্য ফিতা ব্যবহার করা হয়। ইহা ১" ইঞ্চি বা তদপেক্ষা কম চওড়ার লিনেন বা চামড়াযুক্ত কাপড়ের ফিতার দ্বারা প্রস্তুত হয়। ইহা লম্বায় সাধারণতঃ পঞ্চাশ ফুট বা একশত ফুটের পাওয়া যায়। অধুনা দশমিক মাপ চালু হইবার পর দশ, কুড়ি, পঞ্চাশ বা একশত মিটার মা. পর ফিতার প্রচলন হইয়াছে। পীলের ফিতাও বর্তমান দেখা যায়। ইহা পুরাতন বা নুতন দশমিক উভয় মাপেই পাওয়া যায়।




## Foot-rule


গজ বা ফুটরুল ( Box wood foot-rule ) :—মাপ লইবার  
কাজে এই প্রকার যন্ত্র অপরিহার্য । ইহা সাধারণতঃ লম্বায় দুই ফুট

এবং চারিটি ভাঁজ করিয়া রাখা হয়। এই রুলটি ইঞ্জিনিয়ারিং এবং ইঞ্জিনিয়েলিং আবার আট, ঘোল বা দশ ভাগে ভাগ করা থাকে। তাই অতি সূক্ষ্ম মাপ লাইবারও কোনও প্রকার অসুবিধা হয় না। ইহার প্রান্তদেশ সমূহ পেতলের সাতে মোড়া থাকায় সহজে নষ্ট হয় না। ইহা বক্স উডের তৈয়ারী বলিয়া ইহাকে Box wood-rule বলা হয়। এই প্রকার গজ ইঞ্চাত দ্বারা ও তৈয়ারী হয়। তাহাকে Steel foot-rule বলা হয়। এক ফুট মাপের কাঠের বা লোহার ক্ষেত্রেও বহুল ব্যবহার আছে।


মাটাম ( Try-square ) :—রেঁদার দ্বারা মস্ত করিবার পর সমতল হইয়াছে বা একপ্রান্ত অন্যপ্রান্তের সহিত সমকোণে অবস্থান



Try Square



Combination Square



Bevel Square

দেওয়ার সময় সমকোণ ইত্যাদি পরীক্ষা করিবার কাজে মাটামের বিশেষ

করিয়াছে কিনা, কাঠের উপর সমকোণে রেখা টানিবার জন্য, জোড় প্রয়োজন আছে। ইহার দুইটি অংশ Stock ও Blade। Bladeটি Steel দ্বারা প্রস্তুত এবং Stock শক্ত কাঠ বা লোহার উভয় প্রকারেরই হইতে পারে। Bladeটি Stock-এর মধ্যস্থলে সমকোণে দৃঢ়ভাবে আবক্ষ করা থাকে। Blade-এর গায়ে ইঞ্চিতে এবং ইঞ্চিগুলি আট ঘোল বা দশভাগে ভাগ করা থাকে। Blade-এর দৈর্ঘ্যের মাপের উপর মাটামের মাপ নির্ভর করে।



বিভেন মাটাম ( Bevel Square ) :— কোন কাঠকে যে কোন কোণে কাটিবার দাগ করিবার সময় Bevel Square ব্যবহৃত হয়। ইহাকে Adjusting Bevel বা Sliding Bevelও বলা হয়। মাটামের মত ইহারও Stock ও Blade আছে। তবে Bladeটি Stock-এর সঙ্গে দৃঢ়ভাবে আবক্ষ থাকে না। Blade-এর মাঝখানে ফাঁক ( Slot ) থাকায় Stockটি ইহার মধ্য দিয়া ইচ্ছামত চালনা করা যায়। Stockটি Blade-এর সঙ্গে স্ক্রু-এর সাহায্যে আটকান থাকে। প্রয়োজন ক্রমে স্ক্রুটি ঢিলা দিয়া যে কোন কোণে বাঁধিবার পর স্ক্রুটি ঘুরাইয়া আবক্ষ করিতে হয়।

